দৈনিক
ইত্তেফাক

তারিখ 03 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...



সৃজনশীল প্রশ্ন ছয়টির জায়গায় সাতটি করার প্রতিবাদে গতকাল গাজীপুর চৌরাস্তা সড়ক অবরোধ করে বিভিন্ন স্কুল ও কলেজের শিক্ষার্থীরা —ফোকাস বাংলা

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে অতিরিক্ত প্রশ্ন বাতিলে আল্টিমেটাম

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন বাতিল করে আগের মানবণ্টন অনুযায়ী পরীক্ষা বহাল রাখতে দুই দিনের আল্টিমেটাম দিয়েছে শিক্ষার্থীরা। গতকাল রবিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলনে তারা এ আল্টিমেটাম দেন। সাধারণ শিক্ষার্থীর ব্যানারে আয়োজিত এই সংবাদ সম্মেলনে বিভিন্ন প্রতিষ্ঠানের অর্ধশতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

ঢাকা সরকারি বিজ্ঞান কলেজের শিক্ষার্থী জুবায়েদুল রাইয়ান সাকিব বলেন, পূর্বে সৃজনশীল প্রশ্নে ছয়টি প্রশ্ন থাকত। সেখান থেকে পাঁচটি প্রশ্নের উত্তর ভালোভাবে দিতে পারলেও ছয় নম্বর প্রশ্নের দেওয়া যেত না। শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক চাপ সৃষ্টি হবে মন্তব্য করে এ বিষয়ে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেন তিনি।

## গাজীপুরে মহাসড়ক অবরোধ

গাজীপুর প্রতিনিধি জানান, এইচএসসি পরীক্ষায় সংযোজিত সৃজনশীল প্রশ্নপত্রে পূর্বের নিয়ম বহাল এবং সংযোজিত প্রশ্ন বাতিলের দাবিতে মানববন্ধন ও মহাসড়ক অবরোধ করেছে গাজীপুরের কয়েকটি কলেজের শিক্ষার্থীরা।গতকাল রবিবার গাজীপুর মহানগরীর চান্দনা চৌরাস্তা এলাকায় মহাসড়কে এ কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, স্থানীয় ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, কোনাবাড়ি আরিফ কলেজসহ আশপাশের বিভিন্ন কলেজের কয়েকশ' শিক্ষার্থী ওই দাবিতে ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের সামনে জড়ো হয়। পরে শিক্ষার্থীরা মিছিলসহকারে চান্দনা চৌরাস্তায় জাগ্রত চৌরঙ্গীর পাদদেশে গিয়ে অবস্থান নিয়ে মানববন্ধন করে। এ সময় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা সড়ক অবরোধ সৃষ্টি করে। এতে ঢাকা-টাঙ্গাইল, ঢাকা-ময়মনসিংহ ও ঢাকা-গাজীপুর মহাসড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। উত্তেজিত শিক্ষার্থীরা কয়েকটি গাড়ির কাঁচ ভাঙচুর করে। খবর পেয়ে গাজীপুরের অতিরিক্ত পুলিশ সুপার রাসেল শেখ ও জয়দেবপুর থানার ওসি খন্দকার রেজাউল হাসান: পুলিশসহ ঘটনাস্থলে গিয়ে বিক্ষুব্ধ শিক্ষার্থীদের বুঝিয়ে রাস্তা থেকে সরিয়ে দিলে দুপুর দেড়টার দিকে যান চলাচল স্বাভাবিক হয়।

আন্দোলনকারী শিক্ষার্থীরা জানায়, এইচএসসি পরীক্ষায় পূর্বে সৃজনশীল প্রশ্নপত্রে ২ ঘণ্টা ১০ মিনিট সময়ের মধ্যে ৬টি প্রশ্নের উত্তর দিতে হতো। কিন্তু এখন প্রশ্নপত্রে ৬টির স্থানে ১টি প্রশ্ন বাড়িয়ে ৭টি করে সময় দেওয়া হয়েছে ২ ঘণ্টা ২০ মিনিট। যা তারা কভার করতে পারবে না। কারণ প্রতিটি প্রশ্নের উত্তর লিখতে সময় লাখে প্রায় ২২ মিনিট। তাই সৃজনশীল প্রশ্নে নতুন পদ্ধতি বাতিল করে পূর্বের নিয়ম বহালের দাবিতে তারা এই আন্দোলন করেছে। এ ব্যাপারে গাজীপুরের অতিরিক্ত পুলিশ সুপার রাসেল শেখ এ তথ্য নিশ্চিত করেছেন।